আমি আনাস ইব্নু মালিক রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞেস করেছিলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি তাঁর না‘লাইন (চপ্পল) পরে সালাত আদায় করতেন? তিনি বললেন, হাঁ।

(আবূ) মাসলামাহ সা‘ঈদ ইব্নু ইয়াযীদ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আনাস ইব্নু মালিক—রাদিয়াল্লাহু আনহু—কে জিজ্ঞেস করেছিলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম কি তাঁর না‘লাইন (চপ্পল) পরে সালাত আদায় করতেন? তিনি বললেন, হাঁ।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইসলামের অন্যতম উদ্দেশ্য হলো কিতাবীদের বিরোধিতা করা এবং যে সব বিষয়ে মুসলিমের ওপর কষ্ট এবং ক্ষতি রয়েছে তা দূর করা। সা‘ঈদ ইবন ইয়াযীদ যিনি একজন নির্ভরযোগ্য তাবে‘ঈ তিনি আনাস ইবন মালেক রাদিয়াল্লাহু আনহুকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে জিজ্ঞাসা করেন, তিনি কি তার পাদুকাদ্বয়ে সালাত আদায় করতেন, যাতে এ বিষয়ে তিনি তার অনুকরনীয় হোন? অথবা জুতায় সাধারণত ময়লা আর্বজনা থাকার কারণে তিনি বিষয়টি আশ্চর্য মনে করেন? তখন আনাস তাকে হ্যাঁ বলে উত্তর দেন। তিনি তার পাদুকাদ্বয়ে সালাত আদায় করতেন। এটি তার পবিত্র সুন্নাতসমূহের অর্ন্তভুক্ত। এটি কোন ভুখন্ড বা নির্দিষ্ট যামানার সাথে খাস নয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3112